পর্ষদে চূড়ান্ত সিদ্ধান্তের পরও প্রস্তাব পাঠায়নি ডিএসই

পরিচালনা পর্ষদে সর্বসম্মত সিদ্ধান্তের পর দুই কার্যদিবস পেরিয়ে গেলেও অদৃশ্য চাপে কৌশলগত বিনিয়োগ সম্পর্কিত কোনো নথিপত্র নিয়ন্ত্রক সংস্থা বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের (বিএসইসি) কাছে পাঠায়নি ঢাকা স্টক এক্সচেঞ্জ (ডিএসই) কর্তৃপক্ষ। নাম প্রকাশে অনিচ্ছা প্রকাশ করে স্টক এক্সচেঞ্জটির একজন জ্যেষ্ঠ সদস্য বণিক বার্তাকে জানিয়েছেন, আগামী সপ্তাহের শুরুতে আবার সভা করবে তাদের পরিচালনা পর্ষদ। এর পরই তারা রেগুলেটরি অনুমোদনের জন্য কমিশনে আনুষ্ঠানিক প্রস্তাব পাঠাবে। কৌশলগত বিনিয়োগ সম্পর্কে আনুষ্ঠানিকভাবে ডিএসই কর্তৃপক্ষ কোনো তথ্য না দিলেও নির্ভরযোগ্য একাধিক সূত্র নিশ্চিত করেছিল, শনিবার পরিচালনা পর্ষদের সভায় সর্বোচ্চ দর (ডিএসইর প্রতি শেয়ারের জন্য ২২ টাকা) ও আকর্ষণীয় কারিগরি সহায়তার প্রস্তাবের কারণে কৌশলগত বিনিয়োগকারী হিসেবে শেনঝেন ও সাংহাই স্টক এক্সচেঞ্জের যৌথ কনসোর্টিয়ামকেই বেছে নেয়ার সিদ্ধান্ত নেন ডিএসইর পরিচালকরা। সিংহভাগ সদস্যের সম্মতির কারণে রোববার সপ্তাহের প্রথম কার্যদিবসেই বিএসইসির কাছে নিজেদের সিদ্ধান্ত আনুষ্ঠানিকভাবে পাঠানোর কথা ছিল তাদের। তবে এদিন সকালে ভারতীয় ন্যাশনাল স্টক এক্সচেঞ্জের (এনএসই) নেতৃত্বাধীন কনসোর্টিয়ামের প্রতিনিধিরা বিএসইসির শীর্ষ কর্মকর্তাদের সঙ্গে সাক্ষাৎ করার পর পরিস্থিতি পাল্টে যায়। রোববারই বিএসইসিতে দেখা করতে যান ডিএসইর চেয়ারম্যান ও ব্যবস্থাপনা পরিচালক।http://bonikbarta.net

আইপিওর দীর্ঘসূত্রতায় উদ্যোক্তারা পুঁজিবাজার বিমুখ হন

দেশের পুঁজিবাজার থেকে অর্থ উত্তোলনের প্রক্রিয়া খুবই সময়সাপেক্ষ, যা ব্যবসা সম্প্রসারণে আগ্রহী উদ্যোক্তাদের পুঁজিবাজারবিমুখ করছে। শিল্পায়নে পুঁজিবাজারকে কাজে লাগাতে হলে আইপিওর প্রক্রিয়াগত জটিলতা কমিয়ে কম সময়ের মধ্যে কোম্পানিগুলোর জন্য মূলধন উত্তোলনের পথ সুগম করতে হবে। বাজারের স্বার্থে আইপিওগুলোর মান নিয়েও সবাইকে সচেতন থাকতে হবে। গতকাল রাজধানীতে প্রাথমিক গণপ্রস্তাব (আইপিও) নিয়ে আয়োজিত এক সেমিনারে বক্তারা এ মত দেন। গতকাল রাজধানীতে একটি অনলাইন পোর্টাল আয়োজিত 'শিল্পায়নে আইপিওর গুরুত্ব' শীর্ষক ওই সেমিনারে প্রধান অতিথি ছিলেন বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের (বিএসইসি, তত্কালীন এসইসি) সাবেক চেয়াম্যান ও সাবেক তত্ত্বাবধায়ক সরকারের অর্থ উপদেষ্টা ড. এবি মির্জ্জা আজিজুল ইসলাম। বিশেষ অতিথি বাংলাদেশ ব্যাংকের সাবেক ডেপুটি গভর্নর খোন্দকার ইব্রাহিম খালেদ, বিএসইসির সাবেক চেয়ারম্যান ফারুক আহমেদ সিদ্দিকী ছাড়াও অনুষ্ঠানে প্যানেল আলোচনায় অংশ নেন বিএসইসির কমিশনার অধ্যাপক ড. স্বপন কুমার বালা, ঢাকা বিশ্ববিদ্যালয়ের ফিন্যান্স বিভাগের অধ্যাপক ড. মাহমুদ ওসমান ইমাম, বাংলাদেশ মার্চেন্ট ব্যাংকার্স অ্যাসোসিয়েশনের সহসভাপতি মো. আহসান উল্লাহ, আইডিএলসি ইনভেস্টমেন্টসের ব্যবস্থাপনা পরিচালক মো. মনিরুজ্জামান ও ক্যাপিটাল মার্কেট জার্নালিস্ট ফোরামের সভাপতি হাসান ইমাম রুবেল।http://bonikbarta.net

১৩ হাজার কোটি ডলারের বাজার ধরতে প্রস্তুতি প্রয়োজন

জীবনযাত্রায় প্রযুক্তি ও উদ্ভাবনের প্রভাব ক্রমে বাড়ছে। মানুষের মৌলিক চাহিদা বস্ত্র ও পোশাকও এ প্রভাবের বাইরে নয়। খাতসংশ্লিষ্ট বৈশ্বিক বিশ্লেষকরা বলছেন, ২০২৫ সালে উদ্ভাবন ও উন্নত প্রযুক্তির সমন্বয়ে উৎপাদিত স্মার্ট টেক্সটাইলসের বাজার

হবে ১৩ হাজার কোটি ডলারের। আর এ বাজারে শক্তিশালী অবস্থান তৈরিতে এখনই প্রস্তুতি শুরু করা প্রয়োজন বাংলাদেশের। গতকাল ফ্যাশন ও প্রযুক্তিবিষয়ক এক আন্তর্জাতিক সম্মেলনে বক্তারা এমন মত প্রকাশ করেন। রাজধানীর ইন্টারন্যাশনাল কনভেনশন সিটি বসুন্ধরায় গতকাল প্রথমবারের মতো হয়ে গেল 'বাংলাদেশ ফ্যাশনলজি সামিট' শীর্ষক ফ্যাশন ও প্রযুক্তিবিষয়ক আন্তর্জাতিক সম্মেলন। বস্ত্র ও পোশাক খাতের দেশীয় প্রতিষ্ঠান প্যাসিফিক জিন্সসহ ১০টি প্রতিষ্ঠানের পৃষ্ঠপোষকতায় এ সম্মেলনের আয়োজন করে বাংলাদেশ অ্যাপারেল এক্সচেঞ্জ (বিইএ)। দিনব্যাপী আয়োজনে যুক্তরাষ্ট্র, নেদারল্যান্ডস, ফ্রান্স, জাপান ও ভারতসহ বিশ্বের বিভিন্ন প্রান্ত থেকে মোট ১৭ জন ফ্যাশন ও প্রযুক্তি বিশেষজ্ঞ অংশগ্রহণ করেন। সম্মেলনের মোট চারটি সেশনে তারা প্রযুক্তিনির্ভর আগামীর পোশাক ফ্যাশন শিল্প সম্পর্কে দিকনির্দেশনামূলক বক্তব্য রাখেন। সম্মেলনে উদ্যোক্তা, কর্মকর্তা, ক্রেতা প্রতিনিধি, বিভিন্ন বাণিজ্যিক সংগঠনের প্রতিনিধি, উন্নয়ন অংশীদারসহ পোশাক শিল্পের নীতিনির্ধারক পর্যায়ের প্রায় ৪৫০ জন অংশগ্রহণ করেন।http://bonikbarta.net

বাংলাদেশী প্যাভিলিয়নে ক্রেতা দর্শনার্থীর ইতিবাচক সাড়া

জার্মানির ফ্রাংকফুর্টে বিশ্বের সবচেয়ে বড় ভোগ্যপণ্য প্রদর্শনী অ্যাম্বিয়েন্ট শেষ হচ্ছে আজ। এবারের প্রদর্শনীতে বাংলাদেশের ৩১টি প্রতিষ্ঠান অংশ নিয়েছে। এর মধ্যে বাংলাদেশ রফতানি উন্নয়ন ব্যুরোর (ইপিবি) ব্যানারে অংশ নিয়েছে ১২টি প্রতিষ্ঠান। বাকি ১৯টি প্রতিষ্ঠান তাদের পণ্য প্রদর্শন করছে ইপিবির সহায়তা ছাড়াই সরাসরি। প্রদর্শনীতে বাংলাদেশের প্যাভিলিয়নগুলোয় বিপুলসংখ্যক দর্শনার্থী ও ক্রেতার সমাগম লক্ষ করা গেছে। বাণিজ্য মন্ত্রণালয়ের সংসদীয় স্থায়ী কমিটির সদস্য ও সংসদ সদস্য মোহাম্মদ সানোয়ার হোসেইন এবং উপসচিব শামীমা বেগম এবারের অ্যাম্বিয়েন্ট বাংলাদেশী প্রদর্শকদের প্যাভিলিয়ন পরিদর্শন করেছেন। ইপিবির মোহাম্মাদ হাসান ইমাম খান এ সময় উপস্থিত ছিলেন। http://bonikbarta.net

এশিয়ার বাজার ঘুরে দাঁড়ালেও আবার পতনের আশঙ্কা

বিশ্বজুড়ে শেয়ারবাজারের জন্য বাজে একটি সপ্তাহ অতিক্রান্তের পর গতকাল এশিয়ার বেশির ভাগ শেয়ারবাজার ঘুরে দাঁড়িয়েছে। ওয়াল স্ট্রিটে পতন বন্ধ হওয়ায় বিনিয়োগকারীদের আত্মবিশ্বাস বৃদ্ধি পেয়েছে এবং তারা সাবধানতার সঙ্গে আবার শেয়ার কেনা শুরু করেছেন। তবে বিশ্লেষকরা সাবধান করে বলেছেন, বাজারগুলো আবার অস্থিতিশীল হয়ে উঠতে পারে। খবর, এএফপি। ২০১৭ সালজুড়ে এবং চলতি বছরের জানুয়ারিতে বিশ্বব্যাপী শেয়ারবাজারগুলোর সূচক ঊর্ধ্বমুখী ছিল। এ সময় বেশকিছু সূচকে নতুন রেকর্ড হয়েছে। তবে অর্থনীতির শক্তিশালী অবস্থা, বিশেষত যুক্তরাষ্ট্রে করপোরেট আয়বৃদ্ধি এবং মূল্যস্ফীতির ঊর্ধ্বগতি ঋণ ব্যয় বাড়িয়ে দিয়েছে। এর ফলে শেয়ারবাজারে বিনিয়োগকারীরা শেয়ার বিক্রি করে লাভ তুলে নিতে চেয়েছিলেন। http://bonikbarta.net

শীতের শেষভাগে খাতুনগঞ্জে ঊর্ধ্বমুখী চিনির দাম

দেশে ভোগ্যপণ্যের সবচেয়ে বড় পাইকারি বাজার চট্টগ্রামের খাতুনগঞ্জে চিনির দামে ঊর্ধ্বমুখী প্রবণতা দেখা গেছে। দুই সপ্তাহের ব্যবধানে খাদ্যপণ্যটির দাম (ডিও পর্যায়ে) মণপ্রতি সর্বোচ্চ ৩২ টাকা বেড়েছে। আন্তর্জাতিক বাজারে চিনির দাম তুলনামূলক কম রয়েছে। এর পরও চলমান শীত মৌসুমের শেষভাগে এসে চাহিদা বেড়ে যাওয়ার কারণে দেশের বাজারে খাদ্যপণ্যটির দাম বাড়তে শুরু করেছে বলে জানান স্থানীয় ব্যবসায়ী ও আমদানিকারকরা। আগামী দিনগুলোয় গরমের প্রকোপ বৃদ্ধির সঙ্গে সঙ্গে দেশের পাইকারি ও খুচরা— দুই বাজারেই চিনির দাম বর্তমানের তুলনায় আরো বাড়তে পারে বলে মনে করছেন তারা।http://bonikbarta.net